নীল আকাপ

প্রথম প্রকাশ ফান্তন, ১৩৫৬

দাম দেড় টাকা

পূৰ্বনাশা নিৰিটেড পি, ১৩, গণেশচল এভিনিউ, কনিকাতা হুইতে সভ্যপ্ৰসম হ'ভ কৰ্তৃক মুক্তিত ও প্ৰকাশিক

মীল আকাশ

Element Erass



পূৰ্ব্বাশা লিমিটেড পি ১৩, গণেশচন্দ্ৰ এভিয়া, কলিকাতা অচিস্ত্যকুমারের অহ্যান্স কাব্য এম্ব অমাবস্থা: প্রিয়া ও পৃথিবী

স্চীপত্ৰ

>	নৈক্ত ও সন্ন্যানী	>
ર	পরিপ্রক	*
•	উন্মোচন	8
8	প্র তিবাসী	١
ŧ	চাদ	>•
•	ठ न्स	>\$
9	কাগজ-ফেলার ঝুড়ি	>¢
۴	কম্পাস	>9
>	छे नाम	74
•	পরপৃষ্ঠা	>>
>>	ট্ৰে ন	₹•
२	ন্তক্তা	२२
90	শাথা ও শিকড়	₹8
8	द्रामाक्	50
ě	ज ठा कू र	39
34	गृहर्फ	4>
27	হ ইচকু	65
76	লে খনী	98
۵۵	<u> পার্বজ্ব</u> নীন	96
} •	প্রস্তুতি	9
()	র বীক্রনাথ	82
२२	রবীক্তনাপ	80
ঽ৩	র ্বীক্র নাথ	88
8	শরৎচক্ত	84
28	শরৎচন্দ্র	84
१७	ম হাত্মা, গান্ধী	

् २१	মহান্দা পান্ধীর মৃত্যু	લ્સ
24	ভারতবর্ব	41
₹⊅.	ৰাধী নতা	65
90	কাজ করে।	66
৩১	পুরাবৃত্ত	69
৩২	এর পরে আরো এক পরিচ্ছেদ আছে	60

সঞ্চ ট্রাচার্য্য শ্রীতিভাঙ্গনের্

সৈয়া ও সন্ন্যাসী

এসেছে সংস্কৃত সূর্য প্রাকৃতিত মার্জিত আকৃ ।
মাঠে আর আল নাই, মুছে গেছে স্তরপঙক্তিভেদ,
শোণিতে প্রস্থেদে ক্লেদে লিখিলাম যেই ইতিহাস
ধরিত্রীর ভাগ্যে তাহা অমৃত-নিস্থান-আয়ুর্বেদ।

পিধানে নিরুদ্ধ অসি, পরিবর্তে ভূতলে লাঙল— নিঃসহ সংগ্রামশেষে শ্লপতমু পেয়েছি বিশ্রাম, ফলেছে পর্যাপ্ত শস্ত বলস্কৃত স্থামল স্নেহল ধরণীরে মনে হয় স্বপ্লময় স্থথস্বর্গধাম।

মিটেছে খাদ্যের ক্ষ্ধা, নির্বাপিত বস্তুর জ্বিগীষা, ক্রেশহীন সর্বপ্রাপ্তি, দেশহীন ব্যাপ্ত অবিছেম— তবু সেই দীপ্ত চন্দ্র, আকাশ-আকীর্ণ শতভিষা, তবু সেই দিগস্তের ক্ষীণ প্রাস্তে অনস্ত নির্দেশ।

0

তব্ও অপ্রাপ্যা তুমি, কি আশ্চর্য, তব্ও অধরা, তব্ও তেমনি দূরে, মুলেক্স্লে দাঁড়াবেনা আসি; তব্ও তোমার লাগি তুই আঁথি যামিনীজাগরা— সৈক্স আমি, যুদ্ধজ্বয়ে পুনর্বার হয়েছি সন্ন্যাসী॥

পরিপুরক

তুর্গ গড়ি, একদিন পাবো ব'লে গৃহ, যুদ্ধ করি, হব ব'লে অপগতস্পৃহ। আজিকে রক্তের স্বাদ, চমৎকার কী উৎসাদ! একদিন হব ব'লে নিশ্চেষ্ট নিরীহ।

জ্বলিবে যে একদিন তৃপ্ত প্রাণশিখা তারি তরে খুঁড়িতেছি শ্মশানে পরিখা। ছাড়ি এ কঠিন মাটি যাব ফের পুষ্পবাটি, শয়নে চন্দনচন্দ্র, আকাশে বরিখা।

হলচল-হলাহল ফেনল ধূমল প্রতিরোধে কেন গড়ি দীর্ঘ জ্বনবল ? কেননা জ্বনতা ছাড়ি হব ফের একচারী করিব আবার স্বীয় স্বপ্লেরে সম্বল।

তরবার ধরধার, সৈনিক কৃষক, গড়িব সে অস্ত্রমুধে হলের ফলক।

. २]

প রি পুর ক

আজি সব ডিয়মান সেদিন আসিবে ধান, আকাশে অপরিমাণ নীল বলাহক ।

আজি যদি চক্ষে তব নাহি থাকে নেশা,
লক্ষা নাই, আজি তুমি নহ মোর এষা।
আজি আর নহ তুমি
রাঙা ফুল মরশুমি
অ্যাত্রাসঙ্গিনী আজ নক্ষত্র অগ্লেষা।

দাঁড়ালে আমার পাশে, হাতে নিলে অসি, তিমিরবিদারবিভা বিভূষা উষসী। আজিকে কটির রেখা নির্বাপিতমদলেখা, বক্ষে নহে চেলাঞ্চল, হুর্ভেছ আয়সী।

কেননা আসিবে ফের কুস্থমসময়
তারি তরে সূচীপত্রে বিলয়-প্রলয়।
একদা নিতৃন নভে
আমাদেরো ভোর হবে,
রাত্রির মর্যাদাবাহী নব সূর্যোদয়॥

উন্মোচন

এতদিন ধরে দেখেছিমু তব
রূপথানি গদগদ,
বিবশ আবেশে বিলোল লালসে
ছিলাম বশংবদ।
বিশ্রামরসে বিহবল লাবণী,
তরলনয়নে তুষার-দ্রাবনী,
দেহ যেন তব ভোগাবতারণী
এই শুধু ছিল জানা—
যেন চিরকাল কণ-স্থাবহ
প্রবাহে বিগাহমানা।

বেশবিন্যাসে প্রশাসিত সদা
কান্ঠ-পুত্তলিকা;
পত্রছায়ায় ছিলে কুন্ঠিতা
কলিকা অসাহসিকা।
পথ চল নাই পাছে খরতাপ
বিমলিন করে অলককলাপ,
ছারায় বসিয়া মৃত্ত মদালাপ
করো ভীক্ষ গুঞ্জন—
কানে পশে নাই কোথায় শব্ম
বাজিছে ঘুনস্বন।

ব্যক্তন করেছি চটুল চাটুতে
করেছি ব্যাক্তস্তুতি,
তুলায়ে রেখেছি তব আত্মার
কঠিন প্রতিশ্রুতি ।
দেখি মাই কোথা ঘনাইছে ঝড়,
দেখেছি কেবল ক্ষুরিত অধর
কটিমগুলে লীলার লহর
স্তবকিত ঘন লোভ—
কানে পশে নাই কোথায় রুজ্র
সমুক্ত-বিক্ষোভ ।

অস্তায়মান সূর্য যেমন
রচে আরক্ত চিতা,
তেমনি আব্ধিকে শেষ শোভা নিয়ে
হয়েছ উন্মোচিতা।
উচ্চে বেঁধেছ দৃঢ় কেশচ্ড়া
তাতে ফুল গোঁকা বিষের ধুতুরা,
কোধা গীত-স্থর, কোধা পীত-স্থরা—
বিবর্ণ বিস্থাদ,
চরণের তলে দেখেছ টলিছে
স্প্তির বনিয়াদ।

অলংকৃতির কীর্তি_ডোমার কিনাক-অকন,

[¢]

নীল আকাশ

আজি আনিয়াছ বিশ্ব ব্যাপিয়া *
নৃতন বিস্মাপন।
লাসবেশ আজ লাজে গেল খসি,
অসিধারাত্রতে হাতে নিলে অসি,
রৌক্রকিরণে উঠিলে ঝলসি
উচ্চত-প্রহরণা—
অম্বরে আজি দম্ভোলি বাজে
নবীন সম্ভাবনা।

মরি, সেই তমু রুক্ষকঠোর
অন্ত্র-আঘাত-সহ
ভীরু পৌরুবে করালে নৃবীন
জ্বন্ম-পরিগ্রহ।
কোথা উড়ে গেল লঘু প্রজাপতি.
হোমধ্মে তুমি হলে ধূমাবতী,
বীরবতী, তুমি রথের সারধি
আর তবে কিবা ভয়,
উভয়ের আজি অভয় আকাশে
সৌর অভ্যুদীয়॥

প্রতিবাসী

এত দিন ছিলাম তুমি আর আমি, এবার আমরা।

এবার তুজন।

আবার বেঁধেছি গাঁটছড়া
প্রতিরোধের সঙ্গে আক্রমণ।

দেখেছি অনেক কেলিকলা
শ্বলিত মেখলা;
ছুঁয়েছি অনেক ত্বক
আপাদমস্তক;
নিয়েছি অনেক আণ
শিহরায়মান।
মুধ্রসন্থিত
আহা, চুম্বনটি ছিল মনোনীত।।

দেখেছি অনেক চিলতে আকাশ,
টুকর্মে উঠোন ;
আলসেতে পাধির বসবাস
মাকড়সার কাল-বুনোন।
শুনেছি অনেক মিথ্যালাপ
বুকে বুক রেখে মৌখিক চুপচাপ :
. বাক্য আর স্তর্কতা
ভা, একই কথু ।

মীল আকাশ

গান আর গুঞ্জন, ভূজ-পাশ-ভূঞ্জন ূ একই আরোজন। ইন্দ্রালয় যেন এই ইন্দ্রিয়ায়তন।। এবার সময় হল, এল মহান তুঃসময়

নিশ্চয়

আমাদেরো হবে জয়। রাখো এবার তবে ওসব জীর্ণ জীবনের চেকনাই, দহন-উল্লসন লোহাকে ডেকেছে নেহাই ডেকেছে ঘাতুক হাতুড়ি। ছাড়ো এবার এই অকুলান কুঠুরি কুন্ত স্বপ্নের কোণ স্বার্থ-খণ্ডিত উঠোন। ভাঙো এই অন্ধ আরামের কপাট। শুনতে কি পাচ্ছনা শ্মশানশ্যেনের পাথসাট ? তবে কালো চক্ষের কোল জুড়ি আনো একটি অপ্রকম্প বিজুরি : ভঙ্গিতে আনো ঔশ্বত্যের উন্সতি রঙ্গরতি ছেড়ে হও এবার অভঙ্গরতী ; মুখে আনো কোপ ধনুকে জ্যা-আরোপ। দুর বাভাসে ভীরকেপের ধ্বনি কটি-কিন্ধিনির বদলে বাজুক এবার যুদ্ধান্তের রনরনি। অমৃষ্টিমেয় আকাশ আৰু অনস্তৰ্জীবী আমাদের অঙ্গন সুমন্ত পৃথিবী॥

প্ৰ তি বা সী

डांप

মুক্তির নিশ্চিম্ত শব্দ একটানা ধ্বনিল আকাশে বাহিরে আসিতে তৃরু ভয় : মনে হল নগ্ন চাঁদ ছিন্নভিন্ন পড়ে আছে ঘাসে গলিত, দলিত, রক্তময় ।

বাহিরে দাঁড়াসু এসে, ঝলিতেছে সেই চেনা চাঁদ ঝরিতেছে শীতল ময়ূথ, এ তো নয় সেই জ্যোৎসা রক্তনীর অলজ্জ আহলাদ— ব অগ্নিক্তিবা ধরশরমূধ ।

মৃত্যুর দূতিকা এ যে ত্রাসগ্রাস ধ্বংসের ধাবিকা, উপ্রক্ষাশ্য আজি তার হাসি— এ মরীচি ভ্রমজাল, ছন্মবেশী এ যে মরীচিকা, হিংসাহীন, আসহে মাংসাশী।

এতদিন প্রেম ছিল, ছিল সাথে প্রমোদকরোল, গতক্রম কোমল বিরছ, তুলেছিল এতদিন বাহুবদ্ধে স্থানন্দ-ছিন্দোল বিশ্ব ছিল বিস্ময়ু-স্থাবছ। কেননা সে চাঁদ ছিল সমৃৎফুল সমুক্তচন্ত্ৰিকা,
আদিগন্ত ছিল অনাবৃতি—
আজি তার বাঁকা ঠোঁটে অকোতৃকে আঁকা বিভীষিকা,
তুই চোখে বীভৎস বিকৃতি।

অরণ্যচন্দ্রিকা আজ, নির্বাসন, নির্বাণ-প্রাপন :
আজি মোরা অন্ধকার ঘরে
কৃষ্ণবর্গ শেষ ডিথি করিডেছি একান্তে যাপন ।
নবতন প্রস্থাতের তরে।

ধরণীর গলগ্রহ, মৃতগ্রহ, জর্জরিত-জরা,
 কক্চ্যুত হবে উৎসাদ,
 নতুন মৃত্তিকালেপে গড়া হবে যবে বস্করা
 নতুন উদয় হবে চাঁদ।

ভভদিন চাঁদ নাই, অশ্রু নাই, নাই কোনো হাসি নাই কোনো প্রেম কিংবা ক্ষমা; আছে শুধু অভ্রলেহী লোলজিহবা ক্ষুধা সূর্বগ্রাসী উদ্দাম উদ্ভাস্ত পরিক্রমা।

54

এত দিন স্থান্তাম চন্দনপন্ধ,
ভালো লেগেছিলো জন আননকলন্ধ।
সেটুকুতে ছিলো ধার
চল চল রসভার,
অঙ্কশায়িনী ছিলো, ছিলো পর্যন্ধ।

তব সাথে এত দিন-প্রেম-রোম-অঞ্চ, দেহমগুলে ছিলো রতিরাসমঞ্চ। আজি সব পাতাঝরা, ছেঁড়া যত গাঁটছড়া, পাধি সব বাসাহারা, ছিন্ন মালঞ্চ।

ভোমারো সহসা আজ একি যতিভঙ্গ, জন্মী হয়েছ দেখি ছেড়ে রসরক। তুমি কিনা বিঘিষ, শায়কে মেথেছ বিষ, ছড়ায়ে দিয়েছ রিষ অনলতরক।

তব তরে মনে ছিলো কত না প্রশংস, শর্বরী ছিল শ্বেত উড্ডীন হংস। হৃদয়ের ছিল আলী, একটি একটি ফালি, , আনতো শেষের ডালি কামনাবতংস।

সেই তুমি মৃত্যুর হলে সূচীপত্র যে তুমি একদা ছিলে আরোগ্যসত্র। সেই যে রূপসী রাড হয়ে গেছে উৎপাত, আৰু সে করালপাত প্রলয় পতত্ত্ব।

রাখো রাখো নাগরালি যত পরিবন্দ চুম্বনে দংশন—কপট প্রবন্ধ। আঞ্চকে করেছে ভিড় যত সব নতশির, গতশির সাহসীর—শ্বন্ধ কবদ্ধ।

কৃট্টিম সেই আছে আছে সে কুটক সক্ষল গি্রিপুথে কৃশ নদীবর্ক। তৃষ্ণার জল নেই, জীবনে দথল নেই, ভিক্নায় ফল নেই, আবাশে আতক্ষ।

ছলছল এ ছলনা আর নয় সছ, গদগদ তব ভাষে ভাষ-আভিশয্য। নী প কি भ এ নিশি চাক্ৰম্সী হয়ে যাক সব মসী, তুমি যদি যাও খসি, হই গডলজ্জ।

পরাস্ত তুমি চাঁদ হয়ে বাও অ্ন্তু,
আবার ধরণী হোক নতুন পয়ত ।
সেদিন প্রেমের যাগে
বদি বা তোমারে লাগে,
এসো তবে অমুরাগে হয়ে ধোপদতঃ।

ভঙ্গিন থাকে। বাদ চাঁদ ছুর্দর্শ, ভোমাকে দিয়ে বে আর মেটে না এ তর্ষ। পৃথিবীর তুমি বোঝা, নেমে যাও বলি সোজা, অমা আজ প্রিয়তমা—শোনো পরামর্শ।

কাগজ-কেলার কুড়ি

সম্পাদকের টেবিলের নিচে
কাগজ-ফেলার ঝুড়ি,
জ্বমে আছে যড অনির্ববাচিত
ক্বিভার কারিকুরি।
বোবা আধরের বাজে আঁকিবুঁকি,
তবু তারি ফাঁকে আকাখের উক্তি
ছিল না কি এডটুকু ?
ছিল না কি জাঁকা কারো কালো আঁথি
কালো চুল রুখু রুখু!

হয় তো বা ছিল অবোলা ভাষার
ভণিতার কিছু ফ্রাট ;
সেই অপরাধ হয় তো তারার
অশ্রুতে আছে ফুটি' ।
ভদেরো আকাশে এসেছিল চাঁদ,
চোধে এনেছিল বিফল বিষাদ,
ক্লণিক স্থাবের শিখা—
যত ছিল আশা, অধিক কুরাসা,

* মরু, নাই মরীচিকা!

मीन चाका भ

সম্পাদকের টেবিক্সের নিচে
কাগজ-ফেলার ঝুড়ি—
অমনোনীত এ মানুষের মেলা
রয়েছে পূথিবী জুড়ি।
জাবনে যাদের মেলে না ছন্দ,
বিধাতার তারা নহে পছন্দ,
রয়েছে দ্বীপাস্তরে;
তবু নিরাশায় প্রতি সন্ধ্যায়
প্রদীপ স্থালিছে দরে॥

কম্পাস

ক্ষুরিত ভড়িতে খর অসি-নিকাশ, উত্তাল ঢেউ বিপুল বিপর্যাস। জাহাজ যদিও ডুবো, তারা আছে ঠিক ধ্রুব : উত্তর দিকে ঠিক রেখো কম্পাস। বাজ নেই, নেই বাজপশীর নথ, সংগ্রামী কেউ. কেউ বা সমর্থক। নেই কুঁড়া নেই খুদ, নিজ্প, নিরায়ুধ, ভঙ্গিটি শুধু রেখো তিথ তির্ঘক। অরণ্যে রেখো অরণির প্রস্তৃতি রাতের অর্থ আগামী দিনের হ্যাভি। আজি যা স্তব্ধ গনি আসম্ভে প্রতিধ্বনি নিধর পাধরে ভিত্তি-প্রতিশ্রুতি। শুক্ত শাখায় কিশলয়-উল্লাস খাসহীন বুকে রেখো এক বিখাস-জাহাজ যদিও ফুটো তীর তবু প্রস্কৃট উত্তরে আছে উত্তরে কম্পাস ॥

উতাম

মাঝে-মাঝে দেখা দেয় উলক উভম।
ভরন্থান বীর ভ্রক্তম
মাঝে-মাঝে বাঁকা করে ঘাড়
ছুঁড়ে ফেলে দিতে চায় রজ্জ্রশ্মিভার।
জোরের জোয়ার
ভরক্তিত করে ভোলে পেশী,
মুখে আনে স্বতক্ষ্ত্ হেযা,
যেন কোন সাম্রাজ্ঞা-অন্থেয়ী—
চক্ষে জলে সংগ্রামের নেশা
চমে ঝলে চিক্কণ চিকুর,
অগ্রিময় খুর
ছিল্ল করি ভিন্ন করি পথের পাথর
সহর্ষ-ঘর্ষণ উন্মুখর
ছুটে চলে উগ্র অগ্রসর—
পিঠে ভার অকশ্মাৎ করা নেয় পাখা।

তারপর চেরে দেখি খুরিতেছে চাকা পিছে তার। বেগবীর্য ছাড়ি চাবুকক্ষর মাংসে টানিতেছে ভয়প্রায় গাড়ি॥

পর পৃষ্ঠা

অভ্যাস-আড়ফ পৃষ্ঠা ধীরে-ধীরে চলেছি উলটি'
অর্গলা-আবদ্ধ কক্ষে; অস্পাক্ট জীবনবাধ, পথ
পঙ্গু, পরাশ্মুধ; ভাগ্যের হয়েও কিনা প্রতিরথ
দৈবেরি দাসত্ব করি; ঘোরঘটা দেখিলেই হটি
আপনার অটল কোটরে; কীণ কণ-খণ্ড ক'টি
খুঁটি শুধু কদর্য কার্পণ্যে; কুল্র ক'রে স্বত্থ-সীমা
নিজ্ঞান্ব রক্তের স্বাদে অমুভবি বৃদ্ধির জড়িমা,
গৃহত্ব শিবেরে চিনি, ভয় কুরি ঘারত্ব ধূর্জটি।

তার পর এক দিন তৃণ-প্রাণে নেমে আসে ঝড় অনম্বর। পথেরে বিমৃক্ত করে অভিন্ন প্রান্তরে; পুড়ে যায় স্পৃত্গৃহ, উড়ে যায় শৃত্বল-শৃত্বলা, দিনাসুদৈনিক দৈশু; জীবনের শিকড়-শিখর ন'ড়ে যায়, প'ড়ে যায় ভেঙে, অকস্মাৎ নভান্তরে, সবলে উত্তীর্ণ হই, দিখালিকা উদয়-উজ্জ্বলা।

्रिम

মধ্যরাতে যখনই আমার ঘুম ভেঙে যার নীরবতায় নীল নিঃসঙ্গ সে মধ্যরাত্রি— শুনতে পাই আমি কেবল ট্রেনের শব্দ : যেন কোথায় ট্রেন চলেছে।

যেন কোথায় ট্রেন চলেছে
কোন । ৰস্তীর্ণ-নির্জন মাঠের উপর দিয়ে
অন্ধকার দীর্ণ করে
ক্রুন্তগামী দীর্ঘ্যাসের মত।
যেন কোথায় ট্রেন চলেছে
ঘূর্ণমান চাকার হাহাকারে
এক দিগন্ত থেকে আরেক দিগন্তহীনতার

আমি দাঁড়াই গিয়ে তথন নীল আকাশের নিচে কিন্তু কোথাও হায় দেখতে পাইনা সে-ট্রেন।

অথচ শুনি কেবল তার শব্দের শিহরণ তার ত্যতিমান গতির তীব্রতা

नी ज चा का भ

ভারায় আর তৃণে, শাখায় আর শিকড়ে শুনি আমার এই ধাবমান ধমনীতে আমার লবণাক্ত লোহিত রক্তের মধ্যে মধ্যরাত্রির স্তর্কভার এই গলিত অনর্গলভায়— যেন কোধায় টেন চলেছে অন্তহারা॥

ন্তৰতা

আমি শুনতে পাই শুধু গুরুতা ঈশবের প্রবল অট্টহাম্ম দিয়ে যা তৈরি, যা তৈরি আমার মৃত্যুর উপস্থিতি দিয়ে।

জ্বলের উপর যথন বৃষ্টি ঝরে পড়ে আমি শুনি শুধু জ্বলের অবিরল শীতলতা, আর যথনই তুমি কথা কয়ে উঠেছ আমি শুনেছি শুধু ভোমার কথার সমান্তি।

্রুর্জমান সমুজের তলায় আমি দেখেছি শুধু বিশ্রাম ় বস্তীর্যমান মধ্যাহ্নের রৌজে আমি দেখেছি শুধু বিশ্বতি।

আর, যখনই পাথি মেলেছে তার অন্থির পাথা
জাহার্ক চলেছে তার দূর-দীর্ঘ মাস্তল তুলে
অন্ধনারে জন্মের কোটরে কোনো শিশু উঠেছে কেঁদে
কিংবা মস্থপ হয়ে তুমি যখন আমার কোলের কাছটিতে এক্লে বনেছ

नी न चा का भ

বে আকাশ ছিল মনে-পড়ার মত নীল আর বে আকাশ ছিল ভুলে-যাওয়ার মৃত শাদা আমি শুধু শুনেছি এক অপরূপ শৃহাতা।

বোক্সানো বইয়ের মত সারি-সারি কতগুলি বাড়ি— আর অর্থহীন কতগুলি আমরা অক্ষর: আমি শুনছি শুধু এক স্থবিশাল স্তর্কতা আমাদের জীবনের সেই শেষ মুখর স্প্তি সেই সর্বঞ্জেষ্ঠ সশব্দ বিসায় ॥

শাথা ও শিকড়

ভোমরা চলে যাও শাধায়, আমি চলে যাব শিকড়ে:
ভোমাদের জতে থাক পুলকিত পাতার প্রচ্রতা,
ফলবান প্রবল সমারোহ;
আর আমার জতে রুক্ষ রিক্ত এই মূল
এই উলক্ষ বিশ্রাম।
ভোমরা ছড়িরে পড়েছ আকাশে
উজ্জ্বল উচ্ছ্র্বলভায়,
সমীরিত সবুজ রশ্মিজালে;
আর আমি নেমে এসেছি মাটিতে
মার জঠরের মত প্রশান্ত সেই মাটিতে,
বেধানে শুধু নির্বাপন আর অব্যাহতি।

তোমরা প্রতি মুহুতে বিক্রোহ করছ, বাধার অমুপাতে নিজেদের করছ বিস্ফারিত, ঝড় আর পাথর, দেয়াল আর নগরী— আর আমি নিজেকে এখানে ছেড়ে দিয়েছি যেখানে গিয়ে না কেন পোঁছুই, যা না কেন আমি হয়ে উঠি আমার এই নির্বারিত তুর্বারতায়।

मीन चाकान

অগণন আঙুলে তোমরা হাত বাড়িয়েছ সূর্যের দিকে বে সূর্যকে তোমরা দেশতে পাচ্ছ চোশের সমুশে, দিনে-দিনে বে কীণ হবে আসছে; আর আমি চলেছি মাটির তলাকার অন্ধকার, অজাত সূর্যের সন্ধানে— আমার আত্মার আদিভূত অতল সেই অন্ধকারে॥

রোমাঞ্চ

তথন অনেক রাত ফিরিতেছিলাম একা বাস-এ ঘাড় গুঁজে, চর্মময় সর্বদেহে লেপে আছে ক্লেদক্লেশ স্থূল অবসাদ, হঠাৎ চমক লেগে চেয়ে দেখি জ্বলিতেছে পূর্ণিমার চাঁদ ভালহৌসি স্কোয়ারের কালো জলে জি-পি-ওর নিটোল গস্থুজে।

অনেক রোমাঞ্চ আমি পাইয়াছি এ-জীবনে বছ অসময়ে, আনেক ঝড়ের রাত্ত্রে নিষ্প্রদীপ নিরুদ্দেশু দীর্ঘ পথ চলা— জীবনে অনেক স্পান্দ আনিয়াছে নিরানন্দ বহু বিশৃঙ্খলা, ভয়স্ফুট স্তব্ধ রাতে, অধাষ্ঠ্যত আলিম্বনে, অসিক্ধ প্রণয়ে।

তারপরে এ রোমাঞ্চ । ইতিমধ্যে ক্লিশ্যমান যদিও অভ্যাসে ক্ষয়ে গেছে সব ধার, মুছে গেছে সবু মোহ, ধুয়ে গেছে সাদ, গণিকা-ক্ষণিক-স্নেহ—নাগরিক আকাশের অবান্তর চাঁদ বছ দিন ব্যবধানে শিহরি তুলিল বুক ক্ষুদ্রে দীর্ঘধাসে।

অচাক্ষ্য

এখন যথন হাতে আমার অনেক কাজ
নাবেক আর নতুন,
সংক্ষিপ্ত যখন রাত্রি
আর সংকীর্ণ যখন দিন,
উদাসীন, তুমি আসতে পারো।
এখন যখন একেবারে আমি নিঃসময়।

বিশ্বময় কোণাও কি নেই বিশ্বয় ?

দশটা বারো মিনিটে আসে ট্রেন—
সীমায় আবদ্ধ একটু চক্রিল চাঞ্চল্য
সীমায় আবদ্ধ একটু লুলিত স্তব্ধতা।
এগারোটা বত্রিশেও যদি সে আসে
দশটা বারো মিনিটেরই সে টেন।

সব কি নেমে দাঁড়াবে সমতল অভ্যাসে ?

তমুতরমধ্যা বাতারনবাসিনী বে মেয়ে—
পলায়মান দিগস্তের সঙ্কেতে ধারালো,
চলে এলো সে ঘরের মধ্যে ঃ

অসহিষ্ণু স্রোভ গিয়ে দাঁড়ালো স্থবির সরোবরে ।

च ठा कू व

শরীর কি শুধু মাংসের তামাসা ? সমস্ত মুখন্ত ? হীরমান পূর্য, ডিয়মান কি তাই আশা ?

প্রত্যহের সূর্য : প্রত্যহের টাইম-পিসে দম-দেয়া।

ভার পর, এখন যখন আমি মোটেই প্রস্তুত নই,
ডুবে আছি যখন কাজের বল্মীকে,
চতুর্দিকে হুরার-জানালা যখন খোলা,
অচাক্ষ্ম, তুমি আসতে পারো।
হে দশদিখুখ মৃত্যু,
একমাত্র রোমাঞ্চ এখন ভোমার সাম্মুখ্যে।

যুহূৰ্ত

হঠাৎ মুহূর্ত আসে
কণক্যতি বিদ্যুতের বিকাশে :
অতিশ্রমে যথন তন্দ্রা,
রাত্রি তথন সচন্দ্রা ।
মাংস যথন শিথিল,
রক্ত যথন নিস্পৃহ,
তথনই আকাশ থাকে আকপিল—
গুঞ্জন করে মধুলিহ ।

হঠাৎ মুহূত আসে
ট্র্যামে আর বাস্-এ
উন্থান্ত উর্ধন্যাসে;
তখন গ্রামের মাঠ ভরেছে গ্রীমের ঘাসে
আর, গুহা সবল জলোচ্ছাসে।
কিম্বা বখন লুপ্ত আছি আপিসে
সই আর স্পার্মিনে,
আকাশ আকীরিত হচ্ছে পাখিদের শিসে।
আসছে ভেসে বজ্রের স্বর
সঙ্গে বিহ্যাতের স্বাক্ষর।
জেলের ঘারপালের মতই ধৃত্র
এই সব মুহূত্।

[49]

मू ई ड

ভথনই জয় করবার মূহুত' আসে বেছদা,
যখন জঠরে জলক্ত ক্ষ্মা;
তথনই থুলতে ডাক দেয় অর্গল
যখন ক্ষম্ম আর বাহু বিমর্ব, ত্বল,
যখন চক্ষে পড়েছে ছানি,
তথনই পর্বতের হাতছানি।

কিন্তু আসবে নাকি সে ধার্য সময়,

যখন ডোমাতে-আমাতে হবে অধৈর্য পরিচয় ?

যখন শরীরে জাগবে আহলাদ,

তখনই উঠবে চাঁদ,

জললে ধানের আবাদ।

তখনই পাধার ঝাপটা দেবে পাধিরা

মৃতকান্ঠ অরণ্যে জাগবে চাঞ্চল্যা,

যখন রক্তে বাজবে মৃত্যুর মন্দিরা
ভাৰব না আর অভ্য কি কল্য।

তখন আসবে শুধু একটি একক মুহূত

যখন ক্তে শান্ধার স্বরে সমুদ্র হবে প্রতিমূত্।

व्रूटे ठकू

আমাদের ছই চক্ষু ধোলা, দক্ষিণ স্ফটিকশ্বচ্ছ বামচক্ষু ঘোলা। কেবলি পথল নহে, নদী দেখি আবর্ত চঞ্চলা।

রণন্থলে জ্যোৎসা গলে, শাশানে সবৃদ্ধ,
বাতাসে কেবল নহে বারুদ কার্তুজ্ব
থেকে-থেকে আণে লাগে স্থসভ্য সৌরভ।
এই দেহ নয় শুধু শব—
পুতিগন্ধ নয় শুধু পৃতিগন্ধ এখনো স্থলভ;
জীবনের নাটকের কুশীলব
নয় শুধু তৃঃখ আর প্লানি,
বসস্ত নিখাস আছে নয় শুধু ঝড়ের শাসানি,
আর আছে নীলাকাশ চিরস্তন সোভাগ্যের মতো,
শৃশ্যবক্ষে কম্প্র আশা আছে তো অস্তত।

রক্তলিপ্ত এই বে আহব,

এ কি শুধু মৃত্যু দিয়া করিব লাঘব
প্রাণের কি রাখিব না স্থান ?
ভার তরে কিছু স্বাস্থ্য কিছু দীপ্তি কিছু মনোহরণের গান
রাখিব না দিবেপ ?

ब्रे ठ क्

যাহা কিছু পাই নাই কেবলি কি তাহার নিরিধে
 কবিব এ বাঁচিবার দাম ?
আৰু যদি কয়কীণ আছি কুথাকাম,
 দোব তাতে আহার্য জিনিসে ?
অমৃত মেলেনি ব'লে কুথাশান্তি করিব কি বিষে ?
আৰু যদি ধিন্ন মান রোগে দিন কাটে,
পারিপার্য-উর্ধ্ব বিশ্ব দেখিব কি হলুদ, ঘোলাটে ?
ঘার আজি রুদ্ধ ব'লে বদ্ধ নাহি হবে পরিকর,
বাম চকু বাম ব'লে ভামহীন রবে বামেতর ?

ভূলিনা কাহারে,
কাহারেও অপমান করি না অশ্রেয় অস্বীকারে।

যুক্ষের শিবিরে

কণ-রণ-বিরভির তীরে
মনে পড়ে গৃহস্পৃহ স্বপ্রলীন স্লিশ্ব প্রেয়সীরে।

যাতমুখ তিক্ত রক্তক্ষর,
তাহাতে মোছে না তব্ অপ্রচলেধ্য প্রেমের অক্ষর,

যেমন মোছে না ঝড়ে আকাশের স্থিতি।
প্রকৃত যা ঠিক থাকে বদলায় পদ্ধতি-প্রকৃতি।
প্রকৃত বা কিক থাকে বদলায় পদ্ধতি-প্রকৃতি।
প্রকৃত দক্ষিণে তাই বামচক্ষে বিকৃত আসীন,

স্থিতি তাই স্পান্ট স্বর্বাদীন।

ত্:ধের দহন সাথে আনন্দ-দোহন চলে তাই, ক্র

नी न चा का भ

আনন্দ করি না অস্বীকার,
বেই হেডু এ-আনন্দে মোদের প্রথম অধিকার।
আজ যদি ক্ষ্থাখাছে না থাকে সমতা
তবু না শুকায়ে দিব স্থাসাদ-গ্রহণ-ক্ষমতা।
যদি আজ রক্তে ব্যাপ্ত হয়ে থাকে রোগের তাড়না,
তবুও রাখিব চোখে সম্ভোগ্য আরোগ্য-সম্ভাবনা।
অবার্য নিশ্চিত্র অন্ধকার
সক্ষেতিবে নিশাবসানের অস্পীকার।
এক চকু ঘনাচ্ছর অন্য চকু পরিচ্ছর তাই;

কোনো ভয় নাই, ় আমাদেরো সমাসন্ন দিন— বাম চক্ষু বাম ভাই দক্ষিণ দক্ষিণ।

লেখনী

আমরা নিরস্ত্র নই, হাতে আছে শাণিত শায়ক
সমুগুত, আমোঘ লেখনী,
শলা সে যে সক্ষ্টক, লক্ষ্যবেধী, যন্ত্রণাদায়ক,
নহে শুধু বিশল্যকরনী।
•

ভোমার হাতৃড়ি আছে, হবিনীত জবাধ্য লোহারে
নিয়ে আস বক্র, নত্র বশে,
ভোমার লাঙল আছে, হরিগ্রন্থ হিরণ্য সম্ভারে
হরি আঁকো মাটির নিক্ষে।

তেমনি লেখনী মোর, তার তপ্ত তীক্ষ তিপ্ত মুখে ক্য়হীন তেমনি ইস্পাত, এতে নেই সেই স্বপ্ন ভাসে যাহা ভারস্ন্য স্থাখ, ক্ষাছে এতে কঠিন সজ্বাত,

উদ্বান বজ্লের ঘোষণা। অপচিব এই ধার কাটি শুধু কাগজের ফুল ? নির্জনে বিরলে ব'লে অন্ধকারে করি' স্থপাক্যুর মমি আর মোমের পুতৃষ ?

नीन जाकान

ইম্পাত নিম্মল তবে। মৃত কাঠে কে আনিবে তবে হব্যলোভী আগুনমন্থন ? সমুদ্র-শাসন হবে কী কামুকে, কারে দিম্মে হথে অচলিফু পাষাণ-ছেদন ?

সে আমার-তোমার লেখনী। আমাদের মহা দার
. বহি এই অক্ষেয় পতাকা;
আনিব নিজিত বক্ষে বাঁচিবার তীব্র অভিপ্রায়
চক্ষে হানি' অঞ্জন-শলাকা

রক্তে আনি দাহ চিভাগ্নির। বেমন সবল হল ধন্ম হয় শচ্ছের উপগমে, ভেমনি সমাজভূমে আমরাও ফলাবো ফসল আমাদের সামাম্ম কলমে।

কুসুম-আয়ুধ নয় এ কলম, ইচ্ছের অখনি, আর গান নয় সৌবস্তিক, রণস্থলে চলিয়াছি লেঁখনিক আমরা অগ্রণী বলব্যগ্র সশস্ত্র সৈনিক।

সার্বজনীন

শুধু আমি রচি তার গান, বে-জীবন ক্লান্ত, পঙ্গু, ক্লুধাক্লিন্ত, মুগ্য, মুহুমান ; পাপলিপ্ত অঙ্গে যার লাগিয়াছে লালদার ধূলি, বে-ললাট ছোঁয় নাই সেবায়ুভস্মপ্লিক্ষ অঙ্গুলি, জীবনের দাবদাহে মিলে নাই যার প্লেহ-সন্ধ্যার সন্ধান, রচিতেছি আমি তারি গান।

ধৃলিকক রাজপথে নিরাশ্রয় যারা পরিশ্রমী,
বৃগাঞ্চরে তাহাদেরে নমি;
মরণের স্নেহ যেন,—সর্ব অলে ঝরিতেছে স্বেদ,
কীবনে সুচালো যারা মৃত্যু আর মৃত্তিকার ভেদ,
শির পাতি' লয় যারা একচক্ষু বিধাতার অমোঘ কুঠার,
ভাদের জানাই নমস্কার।

শুধু আমি রচি ভার গান,
ভাষনের সম্পূর্ণতা যার মাত্র ভাষনাবসান;
এক মৃষ্টি নিশাসের শ্রীতিহীন যে-প্রাভিযোগিতা
ভাষযাত্রারথতলে বিরচিলো বিশ্বতির চিতা,
বিধাতার বিশ্বতাশী শৃষ্টি-চেরে মহন্তর যার পরাজয়,
ভারি গানে যালিফু সমর।

नीन चाकान

দিবালোকে ভারাহীন রন্ধনীর করে উপাসনা,—

ব্রিলাম তাদের বেদনা;

বাহাদের প্রেমপন্ধ গন্ধহীন, নিভ্য নিমীলিভ,

সন্ধিংস্থ সে-কামনার উন্ধা বারা আকাশ-খলিভ—

আপনার দীর্ঘাসে শীণ-আয়ু প্রভীক্ষার প্রদীপ নিবালো,
ভারি ভরে শালিলাম আলো।

ভারি ভরে বেদনা ঘনায়,
অব্দের লাবণ্য যার উপমের প্রিয়ঙ্গলভার।
অনস্ত বিরহ সহে, ভবু হায় অনস্ত বিশ্বভি,
বে কথনো চিনিলো না লোকাভীভ স্বপ্লের অভিধি,
ভৃষ্ণাকায়া মরুচারী, সীণশিধা, সশস্বায়ী, অমুর্ক্ত প্রভিমা,
ভবু গাহি ভাহারি মহিমা॥

ধূলি যার জীবধান্ত, অশ্রু যার বিষাক্ত পানীর,
আমি কবি, আমি তার প্রিয়।
আমারে করেনি মুগ্ধ সমুদ্র বা নন্ত মনোরম,
কলক্ষের কবি আমি ? সাধী মোর কক্টক, কর্দম ;
সজীত শোনেনি যে-ই, করিয়াছে ক্মাধীন, অক্ষম সংগ্রাম,
তারি তরে বাছ বাডালাম ।

প্রস্তৃতি

প্রস্তুত আছি সর্বদা,
শাস্ত আর সহিষ্ণু।
হোক সূর্য ভোমার ক্ষয়িষ্ণু
আর ক্ষয়হীন ভোমার ক্ষণদা,
আমি আছি প্রস্তুত।
ধ্মক্ষ্যোতিসলিলমরুৎ
না হয়ে, যদি বলো হতে বীতঅমুজান
নির্বাহ্প পাষাণ
অলংশক্তিমান,
আমি রাজি আছি ধ্যে পড়তে
মহাশুরের গতে।
বেমন ভোমার পরিবেশ
ভেমনি আমার উন্মেষ
হে অস্তুরীক।

যদি বলো, হুডিক,
অনার্ম্ভি,
দিকে-দিকে দরিক্রিত দগ্ধ দৃষ্টি,
আমি আনবো সেই হাহাকার
অ-হল্যা মৃত্তিকার;

[ob]

नीन चाका भ

ভোমার না যদি হয় চক্ষুপজ্জা সাক্ষাবো শ্মশানশয্যা স্কৃপে-স্কৃপে, ভৈ্তামার ধ্বংসের খধ্পে উড়বে না-হয় ধ্মধ্বকা। জামি যে ধরিত্রী ছিলাম প্রাণের প্রস্ববিত্রী হবো না-হয় অপ্রক্রা। ত্বমন ভোমার বেফ্টনী ভেমনি স্থামার প্রভিধ্বনি হে প্রশক্ষ।

যদি বলো, মুছে ফেলতে এ বৈরক্ত,
ফলাবো না-হর শস্ত উদ্দাম শ্রাবণের ক্ষুতি শ্যামল পরিপৃতি, • গোলার-গোলায় ধান অজ্ঞ ও অসাবধান। আনবো তখন না হয় গদগদ চাঁদের অভিলাষ আত্মহারা আকাশ, নিস্তক্ষর সুমের প্রশাস্তি।

প্ৰ ভ ভি

আমার এই স্ফীতি বা কার্শ্য বেমন ভোমার পরিপার্য, হে অবার্য উপস্থিতি।

নাও আমার এই প্রত্যহের স্তুতি, প্রসর প্রস্তুতি।

রবীন্দ্রনাথ

আমি তো ছিলাম ঘূমে
তুমি মোর শির চুমে
গুঞ্জরিলে কি উদাত্ত মহামন্ত্র মোর কানে-কানে,
চলো রে অলস কবি
ডেকেছে মধ্যাক্ত রবি

হেপা নয়, হেপা নয়, অশু কোপা অশু কোনখানে। চমকি উঠিমু জাগি ওগো মৃত্যু-অনুরাগী

উন্মুক্ত ভানায় কোন অভিসারে দূর পানে ধাও, আমারো বুকের কাছে সহসা যে পাখা নাচে

ঝড়ের ঝাপট লাগি হয়েছে দে উদাসী উধাও। দেখি চন্দ্র সূর্য তারা মত্ত নৃত্যদিশাহারা,

দামাল যে তৃশশিশুনীহারিকা হয়েছে বিবাগী, ভোমার দুরের স্থরে সকলি চলেছে উড়ে

অনিশীত অনিশ্চিত অসীমের অশেষের লাগি। আমারে জাগায়ে দিলে,

চেম্বে দেখি এ নিখিলে

সন্ধ্যা উবা বিভাবরী ব্লহন্ধরা-বধ্ বৈরাগিনা,

त्र वी का ना थ

ব্দ হলে নভতলে
গতির আগুন হলে
কুল হতে নিল মোরে সর্বনাশা গতির তটিনী।
তুমি ছাড়া কে পারিত
নিয়ে যেতে অবারিত
মরণের মহাকাশে মহেন্দ্রের মন্দির সন্ধানে,
তুমি ছাড়া আর কার
এ উদাত্ত হাহাকার
হেধা নয়, হেধা নয়, অশ্য কোথা অশ্য কোনধানে॥

রবীন্দ্রনাথ

মার্তণ্ড সহেনা চক্ষে, নভন্থল অতি অনম্ভিক,
দৃষ্টিরে ব্যাহত করে অজ্রলিছ পর্বতের চূড়া—
ছোট ঘরে সন্ধ্যাবেলা তাই সব বসেছি বন্ধুরা
তোমারে বিদায় দিতে, বামমার্গী মোরা সাম্প্রতিক।
পলায়ন-মনোভাবা কাব্য তব অসার অলীক
প্রকৃতির আরত্রিক শুধু, কদাচ তোমার ঘারা
আলোচিত হয় নাই প্রত্যহের জৈব সমস্তারা;
চেতনায় একা তুমি, দলবদ্ধ নহ ঐকত্রিক।

হা অধুনা! অচিরজীবিনী! যত করি মাধুক্রী,
অনির্বেয় আত্মার পিপাসা। ঘুরে-ঘুরে বার চাকা
কালের আলোড়ে। কিন্তু আকাশ মোছেনা কভু ঝড়ে।
তাই শেবে একদিন রাশি-রাশি শব্দের লহরে
অক্সত্রের বার্তা আনে বেগবান বিত্রাৎ-বলাকা,
নদীর এপারে আসে স্থানহীন ক্ষুদ্র স্থর্ণভরী॥

রবীন্দ্রনাথ

ভোমারো বিশেষ সংখ্যা ! সব যেন শেষ এর পর সব যেন অভি সাধারণ ! দিবালোকে দীপাবলি ! প্রতিষম্ম চলে প্ররম্পর কার কত অরণ্যরোদন ।

আয়োজন প্রয়োজনহীন। এই যে কবিভা আমি লিখি, বহি ভাবের বেদনা, এই যে কল্পনা মোর বিবন্ধনা সীমাস্তরগামী এ তো শুধু ভোমার প্রেষণা।

এ তো শুধু তোমার নির্মাণ। যাহা কিছু বলি, ভাবি, তোমারি সে নাম-উচ্চারণ; আমাদের মুধপানে চেরে আছে আকাশ মায়াবী স্লেহস্রাবী এ তব নয়ন।

এই যে বজনী যাপি দীৰ্ঘতমা, কে দিয়েছে বল,
,কে দিৰেছে মৃত্যুপ্পয়ী আশা ?
জনাগত উবালোকে খুলে দিবে তিমির-অর্গল
কার সেই বাণীর বিভাসা ?

नी न चा का न

চিত্ত মোর ভয়হীন, কার ডাকে উচ্চ মোর শির সাহসবিত্তত বক্ষপট ? সাজায়েছ বীরসাজে, দিয়েছ যে কামুক-তৃশীর বক্ষোপরি আয়স-কন্ষট।

আৰু বীত বহ্নি, মোরা তব ভস্ম-অবশেষ, আছে তবু কুস্থমসময়— স্পৃষ্টির বিস্তীর্ণ ক্ষেত্রে স্থাপিয়াছ বে উপনিবেশ তারি মাঝে তোমারি উদয়॥

मंत्र हस

অনেকে অনেক কথা গছে-পছে বলিবে এখন :
নাটকে-নভেলে-ফিল্মে তুমি ছিলে সকলের সেরা,
বেরুবে শরৎ-সংখ্যা—খেয়ালি-দীপালি-বাতায়ন,
কাঁদিবে অনেক ছাত্র, কোলাহল করিবে মেয়েরা।

সন্তা হবে বছখানে, পাটনায় বহরমপুরে, প্রফেসর-চক্ষু হতে বিগলিবে মামূলি বেদনা : কখানা বিষ্কৃট খেত দিনে-রাতে তোমার কুকুরে এই মতো হবে জানি সূক্ষা-সূল বহু গবেষণা।

কী বিচিত্র শোভাষাত্রা—ইন্দ্রনাথ, বেণী, দেবদাস, সাবিত্রী, অভয়া, রমা সভাম্বলে দাঁড়াইবে নমি', থোঁড়া পায়ে স্ব্যুসাচী দিযিদিকে জাগাবে সন্ধ্রাস, আসিবে নতুন-দাদা, জ্লপথে টগর বোইমি।

নিস্তক সংকীর্ণ শীর্ণ আতদ্বিত অন্ধকার গলি—
শীতার্ত নাগিনী যেন লুকায়েছে ইন্টের প্রাচীরে,
ছয়ারে বাজিল কড়া, কুপি হ'তে ধোঁয়ার কুগুলীআমি শুধু দেখিতেছি পাপীয়সী কিরণময়ীরে।

भीन जाका भ

সেই শিখা, সেই জ্বালা, ললাটে সে ভয়াল সিঁত্বর, তামুল-আলিপ্ত সেই জ্ব-জ্ব তপ্ত ওঠাধর, উদ্বেলিত তুল্বক্ষে ফেন্ময় তরক্ষ ভকুর— প্রতি মাত্র চক্ষুপাতে ভোমারে স করেছে অমর।

তুলসীওলায় রমা স্থালে স্থানি বাতি চুপি-চুপি, স্থরেশ পোড়ার স্থানি বহু মূর্থ মহিমের ঘর, কিন্তু সে অপরিচছর ক্লেদক্লির ধ্মময় কুপি দেখি নাই কোনোদিন এত তীত্র, এমন ভাস্বর ॥

भंतर हता

শ্রন্ধার অঞ্চলি দিব দূর হ'তে—এই ভেবে ধরিমু লেখনী
নিরানন্দ, ছন্দোহীন; অকস্মাৎ ফ্রয়ারে কাহার করধবনি!
কে আসিল বর্ধাশেষে, ভাজের সংক্রান্তি-লগ্নে,—থুলে দিমু বার,
কি অমৃততরন্ধিনী! ভীক কণ্ঠ উচ্চারিল: "তুমি ? চমৎকার!"
আকাশের দূর চক্র মৃত আজি মোর আঁথি-ভারকার কাছে,
নাহিক' মহার্ঘ অর্ঘ্য, কবিভা কৃষ্টিভা অতি—কি বা মোর আছে!
কিছু নাই। অসম্পূর্ণ মাল্য রুধা। আসিলে মর্মের কাছাকাছি
সম্ভর্পণে। "কিছু নাই ?" ফুকারিলে স্লিগ্রন্থরে: "ভাই আসিয়াছি।"
রিক্তভার বিত্ত ল'য়ে দাঁড়াইলে স্বল্প, শীর্ণ, স্থমধুন্ধ হেসে,
তৃপ্তিকর করস্পর্শে সম্ভাবিলে বন্ধুর মতন ভালোবেসে।
নিভ্ত নৈকট্য মাঝে অনস্ক মাধুর্যারস,—এত ভালো লাগা,
বন্ধুতায় মিশাইলে স্থান্থির গোহাগ যেন সোনায় সোহাগা॥

নভে শুদ্র অন্ত্রমালা, উড়ে চলে শুক্লপক্ষ চঞ্চল বলাকা, কাশের কাননপথে লাজুক বন্ধিম নদী দিয়াছে গা-ঢাকা অর্ধকুটফেনা। দূরে কৃষকের কুটিরের কুঠিত বাভিটি ক্লিতেছে ইন্দুপাণ্ডু কিলোরীর হৃদয়ের মত। কা'র চিঠি পড়িয়াছি, কা'র মন্ত্র মৃত্যুহীন অস্তরে তুলেছে প্রভিধ্বনি, বল্লরীবেন্তিত পলীপ্রাস্তরের পারে কা'র আলাপী চাহনি!

नीन चानामं

মনে পড়ে প্রিয়াহীন নির্দ্ধন নিস্তব্ধ গৃহে নিঃসন্ধ 'রোহিনী'
নিবিষ্ট রন্ধন কার্যে; তপস্তাবিশীর্ণ-কান্তি কোথা বিরহিনী
স্থনির্ভয়া সে-'অভয়া'? ভালে তার জ্বলে নাকি, সভীষ-সিঁত্র ?
মরণের পরেও কি 'বিরাজ্বের' মুখখানি মান, বিপাণ্ডুর ?
কুলিশকঠোরত্রতচারিণী অপর্কা সেই—প্রেমের মন্দিরে
নিত্যকাল কাব্যলক্ষ্মী—ভূলি নাই, ভূলি নাই সে-'রাজ্বল্মীরে'।
মাসুষেরে দেখিলাম কত বড় অনাজ্মীয় দেবতার চেয়ে,
'সাবিত্রী' সে দেবী নয়, মলিনা মমতাময়ী মাসুষীর মেয়ে।

যিনি ভানু, অমত্য কুশানু, তিনি থাকুন সোনার সিংহাসনে
কীর্তিমান। তুমি এস গঙ্গার মাঙ্গলাপুত বঙ্গের অঙ্গনে,
সদ্ধ্যামন্নিকার গদ্ধে, ঘনবনবৈতসের নিভ্ত ছায়ায়,
নম্রমুখী তুলসীর শ্যামশ্রীতে,—এসেছ নদীর গেরুয়ায়!
বঙ্গের মাটির মত স্থশীতল চিত্ত তুব, তবু অনির্বাণ
জ্বলে সেথা তুঃখ-শিখা, সে-আগুনে নিজেরে করেছ রূপবান।
তোমার সে-প্রশ্ন আজো মর্মে বাজেঃ "বেঁচে বলো আছ কার তরে?"
সবিস্ময়ে শুনি আজ জীবন মুখুর তব তাহারি উত্তরে।।

মহাত্মা গান্ধী

চাম-মেদ-মাস কিছুই দেখি না
আমি শুধু দেখি হাড়,
সংহারশেষে আনিল যা দেখে
নব উপসংহার।
এই শাদা হাড়ে জ্ঞানি একদিন
বক্স তৈরি হয়েছে। কঠিন
মৃত অন্ধারে জ্ঞানের।
শিখার অন্ধীকার।

সেই হাড় আব্দ দগু হয়েছে
কুহককরের হাতে,
ভয় নেই বলি উঠিয়া দাঁড়াল
্য ছিল অধঃপাতে।
যেই মরা কাঠে ধরেছিল ঘুন
সেধানে জাগিছে পত্র-প্রসূন
মরুপ্রান্তরে নেমেছে বর্ষা
মেঘের অসাক্ষাতে।

[4.]

নীল আকাশ

যে হাড়ে কুলিশ সে হাড়ে কুছক
এ কী সে ইক্সজাল !
নগ্রচরণে চলে ঘরে-ঘরে
ভারভের ভূমিপাল ।
সোনা হয়ে যায় যা ছিল সিকতা,
পশুর মাঝারে জাগিছে দেবভা,
জন্তায়মান সূর্য আনিছে
প্রভাতের প্রাক্ষাল ॥

মহাত্মা গান্ধীর মৃত্যু

আডতায়ীর গুলিতে নিহত হয়েছেন মহাত্মা। নিরীছ মফস্বলের নির্জীব রাত্রে কানে এসে পৌছুলো कुःख्यं कुः मः वाम । এ কি বিশাস করবার মত ? এ কি আয়ত্ত করবার ? মহাচছায় বনম্পতি কি নিমেৰে উন্মূলিত হবে বাতুল বাত্যার অভিঘাতে ? নিবাতনিক্ষম্প অভ্রান্ত অচি কি নির্বাপিত হবে আকস্মিক ফুৎকারে ? এক নিশাসে শুকিয়ে যাবে কি সেই সর্বসম্বন্দর নির্মল স্লেহসিন্ধু ? যোগসিংহাসন ছেডে মহাপ্রয়াণ করবেন কি মহাযোগী মহারাজ-ভারতের সারনাথ ? বিশাস করতে পারিনা। কে পারে বিশাস করতে ? वकुशैलि व य वकू, নিঃস্বজনের যে আশ্রয়, গৃহহীনের যে আচ্ছাদন, সঙ্গীহীনের যে শরণাগতপালক---অবিশ্ব ও অকপট, মুক্ত ও ছলশৃগ্য, অপাপ অকাম অকোপ অংখদ পুণাপুঞ্চতীর্থজননিধি---

नौन चाका भ

তাঁর উপর হানবে কে আগ্নেয় আঘাত, কার হবে এই বর্ণর বিরুদ্ধতা ?

জেনে রাখো, কে সেই হত্যাকারী।
তাঁরই স্বদেশবাসী—
বে দেশকে তিনি পদদলিত পথধূলি থেকে
নিয়ে এসেছেন স্বর্গসোধশীর্ষে:
তাঁরই স্বধর্মাশ্রমী—
বে ধর্মকে তিনি মার্জিত করেছেন
আচারের আবিল আবর্জনা থেকে।
প্রার্থনাপিপাস্থ চিত্তে
কাতর জনতার সমুখীন হচ্ছেন
সমাধিনিষ্ঠ সাধনায়,
অমনি নিক্ষিপ্ত হল ঘাতকের অন্ত্র
নির্বৃদ্ধি নির্দয়।
এ ঘাতককে প্রেরণ করেছে চক্রান্তকারী ইতিহাসের বক্রতা,
নির্মাণ করেছে জ্ব্র্মাংসাক্ষ্কর জগৎনাট্যের কালকুট।

জানতে চাইনা। জানতে চাই সেই ঘাতসহকে, সেই অঘাতনীয়কে। যার অভাবে ধরণী ভারভ্রফ ুহল সেই ধরণীধরকে।

মহাআয় গানীর মৃত্য

প্রশ্ন করি, এই কি সেই মহৎ পর্যটনের যাত্রাশেষ ? এই কি সেই মহৎ পরীষ্টির উদ্যাপন ? এই কি নির্মতিনিধার ? অহিংসার ব্রতথারী বলি হবেন হিংসার যুগমূলে ? বিষেষবিষে পকাহত হবে মানবপ্রেমের আলিক্ষন ?

তুচ্ছ তৃণখণ্ডও নড়েনা ঈশবের ইচ্ছা ছাড়া,
বৃস্তচ্যুত হয় না সামান্য জীর্ণ পত্র,
প্রকৃতিত হয় না বিজ্ঞন সমুদ্রের স্থদুর ফেনবুদুদ!
মেঘের গায়ে যে অলক্ষিত লেখা ফোটে
শিশুর মুখে যে অহেতুক হাসি
পাখির কঠে যে অকারণ কাকলী—
সব সেই ঈশর-ইচ্ছার—
বিশাস করতেন মহাত্মা!
ভাই, এই ভয়াবহ মৃত্যুও কি ঈশরসমর্থিত ?
এ মৃত্যুকে প্রেরণ করেছে কি ইতিহাসের রণচালক,
নির্মাণ করেছে কি জগৎনাট্যের গ্রন্থকার ?

একশো তিরিশ বছর বাঁচতেন নাকি মহাত্মা।
তারপরেও তাঁর জীবন একদিন অবসান হত—
হয়তো বা হুঃসহ রোগে, নিঃসহ জ্বরায়,
হয়তো বা আত্মঘাতী অনশনে।

নীল আ কাশ

সে মৃত্যুর চেয়ে এ মৃত্যু কি মহনীয় নয় ? জ্যোতিৰ্ময় নয় 🕈 নয় কি অর্থান্বিত ও সমীচীন ? এ বীরের মৃত্যু, তপন্ধীর মৃত্যু, মৃত্যুকে অগ্রাহ্য করার অস্বীকার করার পরাভূত করার মৃত্যু। মহাভারতের মহালাভের পর মৌন মহাপ্রস্থান। এ দধীচির মৃত্যু-অন্থায়ী অন্ধি-র চিভাগ্নিতে স্থচিরজীবিনী দীধিতি। আমাদের চারদিকে শব্দহীন সান্দ্র অন্ধকার-তার মাঝে জ্বলবে এই স্থির শিখা, অকুণ্ণ বিভাসা, কল্যাণ-আলরে স্থিম আখাসের মত। যা বলহীনের বরাভয়, অশরণের আচ্ছাদন, নাথহীনের তমুত্রাণ। অবিশাসীর আন্তিক্য-আরাম. যুযুধানের সামবাণী। মৈত্রী করুণা মুদিতা উপেক্ষার প্রতিভাস। ইতিহাসের যে পৃষ্ঠি রিঞ্জত হল তাঁর রক্তে তার পরেই হয়তো শুদ্রতার পরিচ্ছন্ন পরিচ্ছেদ অবৈরিতার শুভারম্ভ। এই মৃত্যু তাই তাঁর সাধনার সারবিন্দু, यथार्थ ও यथाकालीन। এ মৃত্যু তাঁর জীবনশ্লোকের প্রকৃত ভাগ্যকার।

म हा चा शाकी त मृ कृ

এ মৃত্যু ছাড়া উদযাটিত হত না তাঁর জীবনবহনের চূড়াস্ত মহিমা, সম্পূর্ণ হত নাু তাঁর জয়গাধার শেষ চরণ।

কে জানে-

প্রায় ছহাজার ব ৎসর আগে

এমনি করে মেরেছিল আরেকজনকে
তাঁরই অনেশবাসীরা।
তারা কিন্তু আজও উদ্দ্রান্ত হয়ে
অভিশপ্তের মত ঘুরে বেড়াচ্ছে,
খুঁজে পাচ্ছেনা তাদের দেশ, তাদের স্থান, তাদের আশ্রয়।
আমরাও কি অতঃপর অমনি করে
দেশহারা স্থানহারা আশ্রয়হারা হরে ঘুরে বেড়াব ?
না, চিরন্তন-সম্মুধবর্তী বর্তিকায়
খুঁজেপাব আমাদের মন্ত্রসিদ্ধির সরণি ?

ভারতবর্ষ

আসমুক্তহিমাচল হে আমার অখণ্ড-অটুট সর্বাক্তবৃন্দর ভারতবর্ষ্ कौरत्वत्र मधामित्न এरम আর এক বার দেখে নিই ভোমাকে। শিয়রে তুর্ধ র্ব পর্বত, পার্ষে-নিম্নে সংঘবন্ধ সমুদ্রের আহতি, আর আছোপাস্ত ধ্সর-প্রসর প্রান্তরের অন্তরীনতা। —অহাতনীয়, অলভ্যনীয় ভারতবর্ষ। সপ্তত্তীপা পৃথিবীর কুলপঞ্জীতে তুমি অনম্যনামধেয়, স্বনামপ্রশন্ত-ভূগোলে ও ইভিহাসে শ্রোতৈ ও ঐভিছে কুলক্রমাগত সংস্কৃতিতে অধ্যাত্মসন্ধানে বন্ধনছেদন ও খোষণশোধনের সাধনায় সমর্থ হবার, বিশাল হবার, মহান হবার প্রতিশ্রুতিতে তুমি এক ও অবিভাজা। তুমি বিবিধের মধ্যে বিশেষ, বহুলের মধ্যে বিরল, বিচিত্তের মধ্যে অনির্বচনীয়। ভোমাকে নিয়ে কভ মহাকাব্যকারের স্বপ্ন, কভ গুৰ্দান্ত সৈনিকের নিরম্র ও নিরবশেষ সংগ্রাম কত তপস্বীর স্থদূর-ত্নর্গম তীর্ম্বাত্রা—

[49]

'ভারতবর্

আহিত অগ্নিতে অরণির নিমন্ত্রণ।
বত গীতগাণা বত ললিত-কণিত-কলা
বত ভাস্কর্ষ আর সোধশিল্প
বত নিঃসহায় অশ্রুণ আর উত্তপ্ত রক্তল্পোত
কারান্তরালে বত কালরাত্রির উদ্বাপন
মহান সে মরীচিমালীর প্রতীক্ষায়—
সব, তুমি এক ব'লে, অবিচ্ছেত্ব ব'লে
আশিরপদন্ধ অব্যাহত ব'লে।
হে আমার স্থপ্নের ও ভাবের
ধ্যানের ও প্রত্যাশার ভারতবর্ষ!

হে বাজাবিহারী উদ্দাম বিহলম,
কুটিল চক্রের কৌশলে আব্দ ভূমি ছিরপক্ষ
নিম্ননিক্ষিপ্ত।
কিন্তু, চেয়ে দেখ, ভূমি আকাশচ্যত হলেও
মুছে যারনি ভোমার আকাশ,
আব্দও সে অক্ষুর, অভ্রান্তলক্ষ্য।
সঙ্কুচিত হয়নি ভোমার ধাবন-বিহরণের পরিধি।
কুটিল চক্রের কৌশলে বেধেছে আব্দ সংকীর্ণ স্বার্থের সংঘাত
রাজ্যলোজী মধ্যবিত্ত গৃধু ভা
ক্ষমাক্ষান্তিহীন নখরদংপ্তার উদ্যাটন;
খণ্ডে-খণ্ডে বন্টন-কন্টকিত ব্যহ-বেন্টনীর চাতুরী
প্রাচীরের তলে সর্বনাশের পরিধা।

নীল আকাশ

কিন্তু তুমি ভো জান, জাপদ্ধর্মের চেয়ে বড় হুচ্ছে আপামর-সাধারণের ধর্ম, সবার উপরে হচ্ছে মানুষ, মমুখ্যকের আবেদন। তাই কক্রনেমিক্রমে একদিন কুট-কটোর থেকে বেরিয়ে পড়বে জানি অগণন সেই মামুষের নিঃস্তি-পতিত-হু:স্থিত খলিত-গলিত অধম-অধোগত অবর-অবনত শুক্ষীকৃত জনতা-অপ্রতিরোধ্য অনস্তবীর্যের বাহিনী। বেরিয়ে পড়বে ঐকরাব্যের প্রতিষ্ঠায় সকল চক্রান্তের উধ্বে সফল চক্রবভিত্তে। সেই উবেল-উত্তাল জন-গণ-জল-বলের আঘাতে কোণায় থাকবে ভোমার সেই প্রাচীর-পরিখা ব্যহ-বন্ধনের ব্যবধান। কোথায় যাবে তোমার সেই দেহরক্ষী দারপালের দল। তুমি আবার করবে তীর্থযাত্রা জনভদ্রের মন্ত্র নিয়ে মানবভার লুপ্তোদারে স্থভাতৃক্বের সংস্থাপনে। জন-পদচিক্তে মুছে যাবে কীণ-অঙ্ক সীমারেখা সমস্বামিত্বের প্রয়োজনে। আবার তুমি এক ও একীকৃত। হে আমার ভবিশ্বমান ভারতবর্ষ, ক্ষরের অযোগ্য স্বর্গলোক,

ভারতবর্

দেখি আৰু আবার ভোমার সেই আগামী দিনের মহিমা।
ভোমার সেই প্রভ্যাশা-প্রক্ষুট সম্ভাব্যভা।
ভাবরূপ থেকে তুমি আবিস্কৃত হবে বাস্তবে
সভ্যম্বদের স্পাইভার।
হে বিস্তীর্থমান ভারতবর্ষ,
আৰু থেকে আমরা ভোমার বাস্তবর্মপের স্তবকার॥

স্বাধীনতা

চক্ষুকে বিশ্বাস করতে পারছি না : আমার প্রকাশ্য গৃহচূড়ে উড়েছে আমার স্বদেশের পতাকা— তিমিরমুক্ত অন্বরের অভিমুখে উত্থিত হচ্ছে আমার নিরুদ্ধ আত্মার প্রথম উদার সম্ভাবণ আমার জন্মের প্রথম জয়ঘোষণা। এক প্রান্তে গম্পীর গৈরিক অনপনেয় হু:খের ঔদাস্য আর অপরিমেয় ত্যাগের প্রসন্নতা: অশ্য প্রান্তে উল্লাস-উজ্জ্বল সবুক্তের অপর্যাপ্তি অমিত জীবনের স্ঞ্জনসৌন্দর্যের উন্তাসন: মধ্যস্থলে তুষারসকাশা শুভ্রতা কর্মের নিম'লভা ও অনবছ্য অন্তরমাধূর্যের প্রভীতি। আর সেই শুদ্রতার অন্তরে ঘননীল অশোকচক্র. সমস্ত অলাতচক্রের উর্ধের শান্তির ন্থির বাণী **पिरक-पिरक प्राम-पिर्म मिळीत प्रामल** : শোকশৃত্য সময়ের ঘূর্ণ্যমানতার প্রতীক বর্তমান থেকে বৃহত্তর ভবিষ্যতের মহন্তর সম্ভাবনায় নিয়ত-আবর্তিত উড়ছে আমার ধ্রুব বিখাসের ধ্বঞ্চপট আমার বীজমন্ত্রের বৈজয়স্তী।

ৰাধীন তা

কড হুৰ্গম পৰ্বভ ও কভ কণ্টকক্লেশিত অৱণ্য পার হয়ে কভ তঃসহ তুর্যোগের মধ্য দিয়ে অভান্তলক্যে চলে এসেছ তোমরা, দৃঢ় হাতে বহন করে এনেছ এই পতাকাকে। কভ রোষক্ষায়িত কশা, কভ বলদ্পিত বুট কভ বর্বর বুলেট ছিন্ন ভিন্ন করে দিয়েছে ভোমাদের, কিন্তু বজ্রমৃষ্টি শিথিল করতে পারেনি, খলিত করুতে পারেনি ভোমাদের পতাকার উদ্ধতি, নমিত করতে পারেনি তোমাদের ত্রন্পরাঞ্জেয় প্রতিজ্ঞা। মায়ের বুকে সন্তানের মত পক্ষীচঞুপুটে তৃণথণ্ডের মত বারুদের বুকে বহ্নিকণার প্রত্যাশার মত বহন করে এনেছ এই পতাকা যাতে আমি প্রোধিত করতে পারি আমার প্রকাশ্য গৃহচূড়ে। নবীনারম্ভের নিখাসে বিস্তার করতে পারি বুক, উব্বল উপলব্ধিতে উদ্ধত করতে পারি মেরুদণ্ড।

লেখনীকে বিশ্বাস করতে পারছি নী

যা আমি আৰু লিখছি এই মুহূতে।

কত বাক্য ক্লব্ধ হয়ে গেছে ভোমাদের কঠে

দলিত হয়েছে কত অক্সন্তদ আত্নাদ

শুক্ধ হয়েছে কত বঞ্চিত বুকের দ্রোহবানী।
সভ্যন্তাবের সেই অধিকারকে তবু বিধ্বস্ত হতে দাওনি,

नीन चाका भ

বহন করে এনেছ এই পতাকা এই উদান্ত বীরবার্তা; তব্রিত আকাশে মুক্ত করে দিয়েছ সিতপক্ষ কলহংসের কাকলী, যাতে আমি পৈতে পারি আমার ভাষা লেখনীতে অপরাষ্মুখ তীক্ষতা।

তাই আজ এই পড়াকাকে যথন প্রণাম করি প্রণাম করি তোমাদের চুর্জয় বীর্ঘবতাকে। স্মরণ করি ভোমাদের যারা কাঁসির রজ্জুকে মনে করেছ কণ্ঠলগ্ন কোমল ফুলমালা মৃত্যুতে দেখেছ অমরত্বের রাজধানী। স্মরণ করি ভোমাদের নাগনকতে যাদের যাতা, যারা কারাককে নিয়তিনির্দিষ্ট হয়ে যাপন করেছ অবিচ্ছেন্ত অন্ধকার. আকাজ্যার অগ্নিতেকে তপ্ত রেখেছ বক্ষ্মল, জতুগৃহদাহে দেখেছ ইন্দ্রপ্রান্থের নির্মিতি। আর ভোমাদের স্মরণ করি সেই সৰ অগণন নামহীন পথিক পদাভিকের দল. নির্বিশঙ্ক জীবনের আহ্বানে পদে-পদে রক্তচিহ্নিত করেছ পথ-প্রান্তর-জনপদ ঘরে ঘরে জেলেছ জায়া-জননীর হাহাকারের দ্রাবাগি।

বাধীন তা

যাতে আমি জীবনে পেতে পারি মর্যাদা অমূল্য মূল্যবোধ। যাতে হাতৈ পেতে পারি তেজিন্ঠ লেখনী কঠে পেতে পারি তুর্বার কলস্বন আর প্রকাশ্য গৃহচুড়ে এই অপ্রকম্প পর্তাকা॥

কাজ করে

প্রত্যেক কাব্দের মাঝে আমি-তুমি প্রত্যহ একাকী: এখনো অনেক কাব্দ বাকি।

তুমুল তুফানশেষে মিলেছে যদিও স্বর্ণতীর, এখানেই রচিব না আমাদের বিশ্রাম-শিবির; তীরের প্রান্তের থেকে সরণির নতুন সূচনা, আরস্তের জলস্রোতে স্থাবর সমুজ্ত-সম্ভাবনা। কীণ রৌজে হবে ধরতরো, কাক করো, কাক করো।

তুর্যোগরাত্রির পারে প্রভাতের প্রসন্ধ স্থবোগে জীবনেরে নিতে হবে গর্বদীপ্ত গন্তীর সন্তোগে; তিমিরগুহার মুখে মিলিয়াছে যেইটুকু বিভা তারে আরো উজ্জ্বলিবে আমাদের প্রজ্ঞান-প্রতিভা। প্রতিজ্ঞা-পতাকা উচ্চে ধরো, কাল করো, কাল করো।

স্মষ্টির নৃভ্যের ছন্দে প্রতিটি মৃহুত পরো পরে। কা**ল** করো, কা**ল** করো।

(40]

নীল আকাশ

চাষ করো, পথ বাঁথো, দুর করো বস্থ আবর্জনা, প্রতি পদে আনো নব নির্মাণের নির্মল ব্যঞ্জনা। পেশী বৃদ্ধি শক্তি হুদি—এক স্কন্ধে ফেল আজ ধুরা, এক রথ টানো সবে এক প্রাণে প্রেরিত বন্ধুরা। সাধনার স্বর্গসৌধ গড়ো, কাজ করো, কাজ করো।

এখনো অনেক পথ, প্রকালিতে হবে বছ পাপ, আত্মনীন লোলুপতা, তৃণলীন তীক্ষদংশ সাপ— শাসন-গৃহীত-মৃষ্টি শোষণের আনো শেষ দিন, বন্ধনের প্রতিবন্ধ, হে নবীন, হে চিরকালীন, অন্থান্ধের মুখোমুখি লড়ো, কাঞ্চ করো, কাঞ্চ করো।

নতুন সূর্যের ভেঞ্চে তুমি-আমি আজি কত বড়ো, কাব্ধ করো, কাব্দ করো ॥

পুরাবৃত্ত

একদিন দেখেছি ভোমারে,

স্বলেছ ভাস্বর সূর্য বন্ধন-রাত্রির অস্বীকারে।
পাপলেশপরিশৃত্য, তপোনিষ্ঠ, ঋজু, উর্জ্বস্থান,
দারিন্ত্য-দহন-কান্তি ভোমারে করেছে রূপবান।
দেখেছি ভোমার সিদ্ধি, দৃঢ় তপশ্চারণের ক্লেশ,
লোভ নাই, ক্লেহ নাই, নাই দ্বন্দ্ধ, বিমৃক্তবিষেধ—
প্রতিজ্ঞায় অপ্রকম্পা, অবিচ্যুত লক্ষ অভ্যাচারে,
একদিন দেখেছি ভোমারে॥

ভোমারে দেখেছি একদিন
মনস্তম্ভে একমন্ত্র—রব নিতা স্বার্থস্পর্শহীন।
কর্মফলাকাজ্জাত্যাগী সেই কর্ম নিয়ত-নির্মল,
স্বর্গন্থ চাহ নাই, এ জীবন উৎসর্গ-উজ্জ্জা।
প্রকৃতি বিকৃতিশৃষ্ণ, রিক্তভায় মহাবিত্তভোগ,
শীতে-উঞ্চে সমজ্ঞান, সমজ্ঞান স্থযোগ-ত্র্যোগ।
সভ্যতপ্ত মনোবাক্য, মেরুদণ্ড প্রদীপ্ত, স্বাধীন
ভোমারে দেখেছি একদিন॥

ভোমারে আবার দেখিলাম প্রবৃত্তির বৃত্তে বাঁধা খুঁজে মরো কোথা স্থধাম।

[69]

নীল আৰা কাশ

কোপা তৃষ্টি মৃষ্টি-মৃষ্টি, কোপা শক্তি, আসক্তি-আরতি, মোহালসধ্যানমগ্র হয়ে আছ বন্ধ বক্ত্রতী। আরে-আরে রাজপথে পথল্রাস্ত ঘনাগ্র জনতা, আত্মবৃদ্ধি তৃমি, দেশ শুধু আপাতরম্যতা। সংগ্রামের শেষ অঙ্কে দেখ নিম্নে পঙ্কিল বিশ্রাম, ভোমারে আবার দেখিলাম।

দেখিব ভোমারে আরবার
যোগযুক্ত কর্মবীর লোভশৃষ্য নির্মম তুর্বার,
ত্যক্তসর্বপরিগ্রহ, মুক্তা, সর্বসকল্লসন্ম্যাসী,
নিঃস্বার্থ সেবার ব্রতে বারে-বারে দাঁড়াইবে আসি—
আয়ুস্ত-আরোগ্যপ্রদ ভয়হর সূর্যের মতন
আবার উদয় তব, পুন সে সহর্ষ আকর্ষণ !
ভক্ষ কর্ম, দুরগত কত্ ক্ষের লুক্ক অহকার,
ভোমারে দেখিব আরবার ॥

এর পরে আরো এক পরিচ্ছেদ আছে

এর পরে আরো এক পরিচ্ছেদ আছে. এখনি পেয়োনা ভয়! বৃদ্ধ বট গাছে এখনো পড়িছে ছায়া, বাভাসে বাদাম এখনো উঠিছে ফুলে। শাস্ত, নিবিরাম এখনো বহিছে শীর্ণ নদীটির ধারা. জানালার দীপটিরে দিতেছে পাহারা এথনো ভারার স্লেহ। নব, ত্রব, ঘন মাঠের উপরে মেঘ ঘনায় এখনো। হলোৎকীৰ্ণ মৃত্তিকায় বাধা-বন্ধ ঠেলি আপীতহরিৎ শস্ত চায় চকু মেলি আমুল নতুন। এখনি ছেড়োনা আশা, ভোমার চক্ষর লাগি রয়েছে পিপাসা চক্ষে আকো। এখনো চন্দ্রের দেখা যায়. এখনো মাথার পরে রয়েচে বজায় আশ্চর্য আকাশ। এখনো কারার স্থর খোনা যায় সভোজাত অন্য শিশুর॥